

**Class II**  
**2<sup>nd</sup> Language (Bengali)**

**Worksheet**

**Topic – রচনা**

রচনাটি তোমাদের বাংলা খাতায় লেখো।

**আমার মা**

আমার মায়ের নাম.....

আমার মা আমার সবচেয়ে প্রিয়। আমি মাকে খুব ভালোবাসি,তাকে শ্রদ্ধা করি। তিনি আমার বন্ধুর মতো। আমার মা আমাকে সব সময় খুবই স্নেহ ও আদর করেন। মা সব সময় আমার যত্ন নেন। আমার শরীর খারাপ হলে বা কোন আঘাত পেলে মায়ের মন খারাপ হয়ে যায়, খুব কষ্ট পান। তিনি খুব ভোরে ঘুম থেকে ওঠেন। তারপর আমাদের বাড়ির সকলের জন্য সকাল, দুপুর ও রাতের খাবার তৈরি করেন। আমার মা চমৎকার রান্না করেন। স্কুলে যাওয়ার সময় মা আমার বইপত্র গুছিয়ে দেন। আমাকে জামাকাপড় পরিয়ে দেন। তিনি সব সময় আত্মীয়স্বজনদের খোঁজ খবর নেন। মা আমাকে সব সময় ভালো হওয়ার জন্য উপদেশ দেন। আমি আমার মায়ের জন্য ঈশ্বরের কাছে মঙ্গল প্রার্থনা করি। মা আমার কাছে ঈশ্বরের দেওয়া একটি মহান উপহার।